

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 02-10-2023  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Gandhi Jayanti :**

আজ জাতির জনক মহাত্মা গান্ধীর ১৫৪তম জন্মবার্ষিকী। সমগ্র দেশ কৃতজ্ঞ চিত্তে আজ মহাত্মা গান্ধীকে স্মরণ করছে। এই উপলক্ষ্যে দেশজুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আগরতলায় আজ সকালে সার্কিট হাউসের গান্ধী মূর্তিতে শ্রদ্ধা নিবেদন করবেন রাজ্যের শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা। এই উপলক্ষ্যে আগরতলার গান্ধিঘাটেও অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

\*\*\*\*\*

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু জাতিরজনক মহাত্মা গান্ধীর ১৫৪তম জন্ম জয়ন্তীতে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছে। তাঁর বার্তায় তিনি বলেন, মহাত্মা গান্ধীর সত্য ও অহিংসার আদর্শ বিশ্বের জন্য নতুন পথ প্রসস্থ করেছে।

রাষ্ট্রপতি বলেন, মহাত্মা গান্ধীর সারাজীবন শুধু অহিংসার জন্যই লড়াই করেননি বরং তিনি পরিষ্কার পরিচ্ছন্নতা, নারীর ক্ষমতায়ন, স্বনির্ভরতা ও কৃষকের অধিকার প্রতিষ্ঠার পাশাপাশি অস্পৃশ্যতা সামাজিক বৈষম্য ও নিরক্ষরতার বিরুদ্ধে লড়াই করেছেন।

\*\*\*\*\*

**Vice-President :**

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর ও গান্ধী জয়ন্তী উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় তিনি বলেন, স্বাধীনতার ও সমতার জন্য বাপুজীর নিরলস সাধনা শুধু ভারতের জন্য নয়, বিশ্ব সম্প্রদায়ের জন্য একটি আলোকবর্তিকা হয়ে আছে।

\*\*\*\*\*

**Speech Contest**

এ বছর নেহেরু যুব কেন্দ্র আয়োজিত "বর্তমান সময়ে গান্ধীজীর আদর্শের প্রাসঙ্গিকতা" শীর্ষক বক্তৃতা প্রতিযোগিতায় রাজ্যস্তরে প্রথম স্থান অর্জন করেছেন প্রজ্ঞা মজুমদার। আজ দিল্লির সংসদ ভবনে আয়োজিত কেন্দ্রীয় অনুষ্ঠানে রাজ্যের হয়ে প্রতিনিধিত্ব করবে প্রজ্ঞা।

ভারত সরকারের যুব কল্যাণ ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীনে নেহেরু যুব কেন্দ্রের রাজ্য অধিকর্তা শ্রীমতি জবা চক্রবর্তী এসংবাদ জানিয়েছেন।

আগরতলার মিলন সংঘ এলাকার নিবাসী প্রজ্ঞা মজুমদার বর্তমানে মণিপুরের রিম্‌স কলেজে এম বি বি এস করসে চূড়ান্ত বর্ষে পাঠরত। পড়াশোনার পাশাপাশি নাচ, গান, ছবি আঁকা, নাটক, সাঁতার বিভিন্ন ক্ষেত্রে সে তার দক্ষতার ছাপ রেখেছে।

\*\*\*\*\*

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাজস্থান এবং মধ্যপ্রদেশ সফর করবেন। তিনি রাজস্থানের চিত্তোরগড়ে প্রায় ৭ হাজার কোটি টাকার উন্নয়নমূলক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং কিছু উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন করবেন। শ্রী মোদী প্রায় সাড়ে চার হাজার কোটি টাকা ব্যয়ে তৈরী মেহসানা-ভাটিভা-গুরুদাসপুর গ্যাস পাইপলাইন জাতীর উদ্দেশ্যে উৎসর্গ করবেন।

শ্রী মোদী আবুরোডে HPCL এর LPG প্লান্ট ও জাতীর উদ্দেশ্যে উৎসর্গ করবেন। এছাড়াও প্রধানমন্ত্রী জাতীয় মহাসড়ক NH-12 ধারা ঝালাওর তিনধর সেকশনে চার লেন সড়ক জাতীর উদ্দেশ্যে উৎসর্গ করবেন।

মধ্যপ্রদেশের গোয়ালিয়রে প্রধানমন্ত্রী মোদী প্রায় ১৯ হাজার ২৬০ কোটি টাকার উন্নয়নমূলক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন এবং জাতীর উদ্দেশ্যে উৎসর্গ করবেন।

তিনি দিল্লি ভদোদরা এক্সপ্রেস ওয়ে জাতীর উদ্দেশ্যে উৎসর্গ করবেন এবং ৫টি সড়ক প্রকল্পের শিলান্যাস করবেন।

শ্রী মোদী প্রধানমন্ত্রী গ্রামীণ আবাস যোজনার অন্তর্গত তৈরী ২ লক্ষ ২০ হাজারের বেশি ঘরের গৃহ প্রবেশের সূচনা করবেন।

\*\*\*\*\*

**Sachwata Hi Seva :**

গান্ধী জয়ন্তীর প্রাক্কালে গতকাল দেশজুড়ে মেগা স্বচ্ছতা অভিযানে জাতিকে নেতৃত্ব দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই উপলক্ষে সমগ্র দেশে গতকাল স্বচ্ছতা হি সেবা অভিযান-এর অধীনে প্রায় সাত লক্ষ স্বচ্ছত কর্মসূচি পালিত হয়।

স্বচ্ছতা হি সেবা কর্মসূচীতে গতকাল রাজ্যেও ব্যাপক সাড়া পাওয়া গেছে। গতকাল সকালে আগরতলা পুর নিগমের উদ্যোগে কামান চৌমুহনী এলাকায় সেচ্ছা শ্রম কর্মসূচীতে অংশ নেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। এখানে এই কর্মসূচীতে ছিলেন, পুর নিগমের মেয়র দীপক মজুমদার, ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত, কাউন্সিলর রত্না দত্ত, মুখ্যসচিব জে, কে সিনহা প্রমুখ।

\*\*\*\*\*

**RBI :**

রিজার্ভ ব্যাঙ্ক পুরনো ২০০০ টাকার নোট ব্যাঙ্কে জমা দেওয়ার সময়সীমা আগামী ৭ই অক্টোবর পর্যন্ত বাড়িয়ে দিয়েছে। পূর্ব ঘোষণা অনুসারে ২০০০ টাকার নোট জমা দেওয়ার শেষ দিন ছিল গত ৩০শে সেপ্টেম্বর।

\*\*\*\*\*

**Prabin Diwas :**

সাক্ষ্যনীড়ের উদ্যোগে গতকাল আগরতলায় স্টুডেন্টস হেলথ হোমে বিশ্ব প্রবীণ দিবস পালন করা হয়েছে। এ উপলক্ষ্যে আলোচনাচক্র এবং পাঁচজন প্রবীণ নাগরিককে সংবর্ধনা দেওয়া হয়। আলোচনার বিষয় ছিল প্রবীনরা বোঝা নয়, সম্পদ : প্রবীনদের প্রতি রাষ্ট্র ও সমাজের দায়িত্ব। আলোচনা করেন সাক্ষ্যনীড়ের সম্পাদক গৌতম রায় বর্মণ, অধ্যাপক মিহির দেব, অধ্যাপক পল্লবকান্তি ঘোষাল, ডাঃ ইন্দ্রজিৎ পাল এবং বরিষ্ঠ আইনজীবী পুরুষোত্তম রায়বর্মণ।

\*\*\*\*\*

## Football :

টিএফএ পরিচালিত ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার সুপার ফোরের খেলা আজ থেকে শুরু হচ্ছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সুপার ফোরের প্রথম খেলায় ফরোয়ার্ড ক্লাব ও লালবাহাদুর ব্যায়ামাগার পরস্পরের মুখোমুখি হবে। আসরের অপর দুটি দল হল এগিয়ে চলো সংঘ ও রামকৃষ্ণ ক্লাব। রাউন্ড রবিন লিগে আসরে চ্যাম্পিয়নশীপের ফয়সলা হবে। ১১ অক্টোবর পর্যন্ত এই আসর চলবে।

\*\*\*\*\*